মন্ত্রিপরিষদ বিভাগের জুন ২০১৭ মাসের কার্যাবলি সম্পর্কিত প্রতিবেদন

মন্ত্রণালয়/বিভাগের নাম: **মন্ত্রিপরিষদ বিভাগ**

প্রতিবেদনাধীন মাসের নাম: **জুন ২০১৭** প্রতিবেদন প্রস্তুতের তারিখ: **১৭ জুলাই ২০১৭**

(১) প্রশাসনিক:

ক. ১ কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেটে)

সংস্থার স্তর	অনুমোদিত পদ	পূরণকৃত পদ	শূন্যপদ
মন্ত্রণালয়/বিভাগ: **মন্ত্রিপরিষদ বিভাগ**	২৪৯	১৯৮	৫১
অধিদপ্তর/সংস্থা/সংযুক্ত অফিস: **দুর্নীতি দমন কমিশন**	১,২৬৪	৮৯১	৩৭৩
মোট	**১,৫১৩**	**১,০৮৯**	**৪২৪**

ক. ২ শূন্যপদের বিন্যাস

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা	অতিরিক্ত সচিব/ তদূর্ধ্ব পদ	জেলা কর্মকর্তার পদ (যেমন ডিসি, এসপি)	অন্যান্য ১ম শ্রেণির পদ	২য় শ্রেণির পদ	৩য় শ্রেণির পদ	৪র্থ শ্রেণির পদ	মোট
মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	০৬	০৫	২৩	১৭	৫১
দুর্নীতি দমন কমিশন	-	-	৪৯	৩৪	১৪৫	০৩	২৩১*

* সুপারনিউমারারি পদ ব্যতীত।

ক. ৩ অতীব গুরুত্বপূর্ণ (strategic) পদ শূন্য থাকলে তার তালিকা

ক্রমিক	মন্ত্রণালয়/বিভাগ	গুরুত্বপূর্ণ শূন্যপদের নাম	গুরুত্বপূর্ণ শূন্যপদের সংখ্যা	মোট গুরুত্বপূর্ণ শূন্যপদের সংখ্যা
১।	**মন্ত্রিপরিষদ বিভাগ**	-	-	-
২।	**দুর্নীতি দমন কমিশন**	-	-	-

ক. ৪ নিয়োগ/পদোন্নতি প্রদান

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা	প্রতিবেদনাধীন মাসে পদোন্নতি			নতুন নিয়োগ প্রদান			মন্তব্য
	কর্মকর্তা	কর্মচারী	মোট	কর্মকর্তা	কর্মচারী	মোট	
মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	-	-	-	-	-
দুর্নীতি দমন কমিশন	-	-	-	-	-	-	-

ক.৫ শূন্যপদ পূরণে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

খ. ১ ভ্রমণ/পরিদর্শন (দেশে-বিদেশে)

	মন্ত্রী		প্রতিমন্ত্রী/উপমন্ত্রী		মন্ত্রিপরিষদ সচিব		মন্তব্য
	দেশে	বিদেশে	দেশে	বিদেশে	দেশে	বিদেশে	
ভ্রমণ/পরিদর্শন (দিন)	-	-	-	-	২৩-২৮ জুন ২০১৭ মেয়াদে কক্সবাজার জেলা সফর করেন।	১১-১৭ জুন ২০১৭ মেয়াদে জেনেভা, সুইজারল্যান্ড সফর করেন।	-
উন্নয়ন প্রকল্প পরিদর্শন (দিন)	-	-	-	-	-	-	
পার্বত্য চট্টগ্রামে ভ্রমণ (দিন)	-	-	-	-	-	-	

খ.২ উপরোক্ত ভ্রমণের পর ভ্রমণ বৃত্তান্ত/পরিদর্শন প্রতিবেদন দাখিলের সংখ্যা: প্রযোজ্য নয়।

(২) আইন-শৃঙ্খলা বিষয়ক (স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জন্য): প্রযোজ্য নয়।

(৩) অর্থনৈতিক (কেবল অর্থ বিভাগের জন্য): প্রযোজ্য নয়।

(৪) উন্নয়ন প্রকল্প সংক্রান্ত:

ক. উন্নয়ন প্রকল্পের অর্থ বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত প্রকল্পের নাম:

প্রকল্পের নাম	বর্তমান অর্থ-বছরে এডিপিতে বরাদ্দ (কোটি টাকায়)	প্রতিবেদনাধীন মাস পর্যন্ত ব্যয়ের পরিমাণ (কোটি টাকায়) ও বরাদ্দের বিপরীতে ব্যয়ের শতকরা হার	প্রতিবেদনাধীন মাসে নতুন প্রকল্প অনুমোদিত হয়ে থাকলে তার তালিকা	প্রতিবেদনাধীন মাসে মন্ত্রণালয়ে এডিপি রিভিউ সভার তারিখ	মন্তব্য
১	২	৩	৪	৫	৬
জাতীয় শুদ্ধাচার কৌশল সহায়তা প্রকল্প	৫.৮৬ (জাইকা=৫.১৮৯০ জিওবি ০.৬৭৩০)	৫.৫৩৪০ (৯৪%) জাইকা: ৫.১৮৯০ (১০০%) জিওবি: ০.৩৪৫০ (৫১%)	-	-	প্রকল্পের সহযোগী সংস্থা জাইকা অংশের মেয়াদ ৩১ মার্চ ২০১৭ পর্যন্ত।
Building Capacity for the Use of Research Evidence (BCURE)	সর্বমোট ৮.১৩ ডিপিএ: ৮.০৯ জিওবি: ০০.০৪	৭.১৭ (৮৮.৬৬%) ০.০২৬৫ (৬৬.২৮%)	-	-	-
Social Security Policy Support (SSPS) Programme	ডিপিএ: ১৯.৭২ জিওবি: ০.৩৩	১১.৪৪ (৫৮.০১%)	-	-	-
Technical Support for CRVS System Improvement in Bangladesh	ডিপিএ: ৩.৩১ জিওবি:৩৯.৬৮	০২.৩২ (৭০.০৯%)	-	-	-

খ. প্রকল্পের অবস্থা সংক্রান্ত :

প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রকল্পের তালিকা	প্রতিবেদনাধীন মাসে উদ্বোধনকৃত সমাপ্ত প্রকল্পের তালিকা	প্রতিবেদনাধীন মাসে চলমান প্রকল্পের কম্পোনেন্ট হিসাবে সমাপ্ত গুরুত্বপূর্ণ অবকাঠামো	আগামী দু'মাসের মধ্যে উদ্বোধন করা হবে এমন সমাপ্ত প্রকল্পের তালিকা
-	-	-	-

(৫) **উৎপাদন বিষয়ক (সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে পূরণ করতে হবে):** প্রযোজ্য নয়।

(৬) **প্রধান প্রধান সেক্টর কর্পোরেশনসমূহের লাভ/লোকসান:** প্রযোজ্য নয়।

(৭) **অডিট আপত্তি**

ক. অডিট আপত্তি সংক্রান্ত তথ্য

মন্ত্রণালয়/সংস্থার নাম	অডিট আপত্তির সংখ্যা	টাকার পরিমাণ (লক্ষ টাকায়)	ব্রডশিটে জবাবের সংখ্যা	নিষ্পত্তির সংখ্যা	জের	মন্তব্য
মন্ত্রিপরিষদ বিভাগ	৭টি	০.২৩	-	-	৭টি	মন্ত্রিপরিষদ বিভাগে বর্তমানে কোন অডিট আপত্তি নেই। তবে ০৭টি অডিট আপত্তি সংক্রান্ত একটি মামলা রয়েছে (মামলা নম্বর ৭/২০০০), যা ঢাকার চতুর্থ সহকারী জজ আদালতে বিচারাধীন।
বিলুপ্ত বিভাগীয় উন্নয়ন বোর্ড ও বিলুপ্ত উপকূলীয় দ্বীপাঞ্চল উন্নয়ন বোর্ড	১৫টি	২৪৯.৫৯	-	১	১৪টি	অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত আর্থিক ক্ষমতা অর্পণ, ২০১৫ অনুযায়ী আপত্তিসমূহ নিষ্পত্তির জন্য সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনারের কার্যালয়ে প্রেরণ করা হয়।
দুর্নীতি দমন কমিশন	০৪টি	৭০০.০০	০৪	-	০৪টি	-
মোট	**২৬টি**	**৯৪৯.৮২**	**০৪**	**১**	**২৫টি**	**-**

খ. অডিট রিপোর্টে গুরুতর/বড় রকমের কোন জালিয়াতি/অর্থ আত্মসাৎ, অনিয়ম ধরা পড়ে থাকলে সে-সব কেইসের তালিকা: **নেই।**

(৮) শৃঙ্খলা/বিভাগীয় মামলা (মন্ত্রণালয়/বিভাগ ও অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা)

মন্ত্রণালয়/অধিদপ্তর/ সংস্থাসমূহে পুঞ্জিভূত মোট বিভাগীয় মামলা (প্রতিবেদনাধীন মাসের ১ তারিখে)	প্রতিবেদনাধীন মাসে শুরু হওয়া মামলার সংখ্যা	প্রতিবেদনাধীন মাসে মামলা নিষ্পত্তির সংখ্যা			অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা	বর্তমান অর্থ-বছরে মোট নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা
		চাকরিচ্যুতি/বরখাস্ত	অন্যান্য দণ্ড	অব্যাহতি		
১	**২**	**৩**	**৪**	**৫**	**৬**	**৭**
*মন্ত্রিপরিষদ বিভাগ-০৩	-	-	-	-	০৩	-
দুর্নীতি দমন কমিশন-১২	-	-	-	-	১২	১৪

*** প্রশাসনিক ট্রাইব্যুনাল/প্রশাসনিক আপিলেট ট্রাইব্যুনালে চলমান মামলার সকল নথি এ বিভাগের আইন-১ শাখায় স্থানান্তর করা হয়েছে।**

(৯) মানবসম্পদ উন্নয়ন

ক. প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রশিক্ষণ কর্মসূচি:

মন্ত্রণালয়/সংস্থা	ক্রমিক	প্রশিক্ষণ কর্মসূচির নাম	প্রশিক্ষণের মেয়াদ	উদ্যোগী সংস্থা/ এজেন্সির নাম	অংশগ্রহণকারীর সংখ্যা
১	**২**	**৩**	**৪**	**৫**	**৬**
মন্ত্রিপরিষদ বিভাগ	১।	World Summit on Information Society (WSIS) স্থান: জেনেভা, সুইজারল্যান্ড	১১-১৭ জুন ২০১৭	মন্ত্রিপরিষদ বিভাগ	**একজন** মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব
দুর্নীতি দমন কমিশন	১।	মানিলন্ডারিং প্রতিরোধ বিষয়ক প্রশিক্ষণ কোর্স	০৪-০৮ জুন ২০১৭	দুর্নীতি দমন কমিশন	**২৬ জন**

খ. মন্ত্রণালয়/অধিদপ্তরে কোন ইন্-হাউস প্রশিক্ষণের আয়োজন করা হয়ে থাকলে তার বর্ণনা: ১. নবম ও তদুর্ধ্ব গ্রেডভুক্ত ৫৯জন কর্মকর্তাকে ১৬ দিনব্যাপী অভ্যন্তরীণ প্রশিক্ষণ প্রদান করা হয়। **২.** দশম গ্রেডভুক্ত ৩৯জন কর্মকর্তাকে ৭ দিনব্যাপী অভ্যন্তরীণ প্রশিক্ষণ প্রদান করা হয়। **৩.** ১১-১৬ গ্রেডভুক্ত ৪৬জন কর্মচারীকে ৬ দিনব্যাপী অভ্যন্তরীণ প্রশিক্ষণ প্রদান করা হয়। **৪.** ১৭-২০ গ্রেডভুক্ত ৫৮জন কর্মচারীকে ৪ দিনব্যাপী অভ্যন্তরীণ প্রশিক্ষণ প্রদান করা হয়।

গ. প্রশিক্ষণ কর্মসূচিতে কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণ বা মনোনয়নের ক্ষেত্রে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

ঘ. মন্ত্রণালয়ে অন্-দ্য-জব ট্রেনিং (OJT)-এর ব্যবস্থা আছে কি না; না থাকলে অন্-দ্য-জব ট্রেনিং আয়োজন করতে বড় রকমের কোন অসুবিধা আছে কি না: হ্যাঁ আছে; কোন অসুবিধা নেই।

ঙ. প্রতিবেদনাধীন মাসে প্রশিক্ষণের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যা: পাঁচজন।

(১০) **উল্লেখযোগ্য কার্যাবলি/সমস্যা-সংকট:**

ক. প্রতিবেদনাধীন মাসে নতুন আইন, বিধি ও নীতি প্রণীত হয়ে থাকলে তার তালিকা: নেই।

খ. প্রতিবেদনাধীন মাসে অতীব গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কার্যাবলি:

(১) মন্ত্রিসভার চারটি, সরকারি ক্রয়সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির একটি এবং অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির একটি সভা অনুষ্ঠিত হয়।

(২) মন্ত্রিসভা-বৈঠকে ৩৬টি সিদ্ধান্ত গৃহীত হয় এবং এর মধ্যে ২৪টি সিদ্ধান্ত বাস্তবায়িত হয়। অবশিষ্ট ১২টি সিদ্ধান্ত বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগে বাস্তবায়নাধীন রয়েছে।

(৩) ২৯ জুন ২০১৭ তারিখে বিভাগীয় কমিশনারগণের মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ২৮টি সিদ্ধান্ত গৃহীত হয়।

(৪) বিদেশি মান্যবর রাষ্ট্রদূত/হাই কমিশনার কর্তৃক আয়োজিত অনুষ্ঠানে সচিবগণের যোগদানের অনুমতি সংক্রান্ত ০৯টি পত্র জারি করা হয়।

(৫) মন্ত্রিপরিষদ বিভাগের ২০১৬-১৭ অর্থ-বছরের সংশোধিত বাজেট এবং ২০১৭-১৮ অর্থ-বছরের মধ্যমেয়াদি বাজেট কাঠামো (MTBF) প্রণয়নের সঙ্গে সম্পৃক্ত কর্মকর্তা/কর্মচারীর অনুকূলে ২,৩৬,১৬০.০০ টাকা সম্মানী ভাতা হিসাবে প্রদানের জন্য ০৪ জুন ২০১৭ তারিখে সরকারি মঞ্জুরি জ্ঞাপন করা হয়।

(৬) ২০১৬-১৭ অর্থ-বছরের অনুন্নয়ন ও উন্নয়ন বাজেটের আওতায় অর্থ অবমুক্তি ও বিল দাখিলের সময়সীমা বৃদ্ধির অনুরোধ জানিয়ে ১৫ জুন ২০১৭ তারিখে অর্থ বিভাগে পত্র প্রেরণ করা হয় এবং অর্থ বিভাগ কর্তৃক ২৮ জুন ২০১৭ তারিখ পর্যন্ত সময়সীমা বৃদ্ধি করা হয়।

(৭) মন্ত্রিপরিষদ বিভাগের ২০১৬-১৭ অর্থ-বছরের সংশোধিত বাজেট বরাদ্দের ৩-০৪০১-০০০১-৪৮০০ খাতের আওতাভুক্ত ৪৮০১-ভ্রমণ ব্যয় খাত থেকে ৪৮২৩-পেট্রোল ও লুব্রিক্যান্ট খাতে ৫.০০ লক্ষ টাকা, ৪৮৯৯-অন্যান্য ব্যয় থেকে যথাক্রমে ৪৮৪৫-আপ্যায়ন ব্যয় খাতে ২.৫০ লক্ষ ও ৪৮৮৮-কম্পিউটার সামগ্রী খাতে ২.৫০ লক্ষ টাকা এবং ৩-০৪০১-০০০১-৬৮০০ খাতের আওতাভুক্ত ৬৮১৭-কম্পিউটার সফটওয়্যার খাত থেকে যথাক্রমে ৬৮২১-আসবাবপত্র খাতে ১.০০ লক্ষ ও ৬৮২৩-টেলিযোগাযোগ সরঞ্জাম খাতে ১.০০ লক্ষ টাকা পুনঃউপযোজনের মঞ্জুরি ১৫ জুন ২০১৭ তারিখে জ্ঞাপন করা হয়।

(৮) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা যুক্তরাজ্য ও সুইডেনে সরকারি সফরের লক্ষ্যে ১৩ জুন ২০১৭ তারিখ মঙ্গলবার ১২০০ ঘটিকায় বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের বিজি-০০১ ভিভিআইপি ফ্লাইটযোগে লন্ডনের উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করেন। মাননীয় প্রধানমন্ত্রীর প্রস্থানকালে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে রাষ্ট্রাচারের দায়িত্ব পালন করা হয়।

(৯) ৮ জুন ২০১৭ তারিখে অনুষ্ঠিত যুক্তরাজ্যের মধ্যবর্তী নির্বাচনে লন্ডনের হ্যাম্পস্টেড অ্যান্ড কিলবার্ন থেকে মিজ্ টিউলিপ রেজওয়ানা সিদ্দিক, বেথনাল গ্রিন অ্যান্ড বো থেকে মিজ্ রুশনারা আলী এবং ইলিং সেন্ট্রাল অ্যান্ড অ্যাকটন থেকে মিজ্ রূপা হক বিপুল ভোটে বিজয়ী হয়ে স্ব স্ব আসনে নিজেদের অবস্থানকে পূর্বাপেক্ষা আরও সুসংহত করলেন। এই অর্জনের মাধ্যমে বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বলতর হওয়ায় প্রধানমন্ত্রী শেখ হাসিনার অনুজা শেখ রেহানার কন্যা মিজ্ টিউলিপ রেজওয়ানা সিদ্দিক-সহ মিজ্ রুশনারা আলী ও মিজ্ রূপা হককে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জ্ঞাপন করে মন্ত্রিসভা ১২ জুন ২০১৭ তারিখের বৈঠকে একটি প্রস্তাব গ্রহণ করা হয়। এ সংক্রান্ত ১৪ জুন ২০১৭ তারিখে প্রজ্ঞাপন বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়।

(১০) ১২ জুন ২০১৭ তারিখে চট্টগ্রাম, রাঙ্গামাটি, বান্দরবান, কক্সবাজার ও খাগড়াছড়ি জেলায় এবং ১৮ জুন ২০১৭ তারিখে মৌলভীবাজার জেলায় অতি বৃষ্টিজনিত পাহাড়ধস ও পাহাড়ি ঢলের কারণে ১৫৮ জনের প্রাণহানি ঘটেছে। এ ঘটনায় জাতি গভীরভাবে শোকাহত। এ ছাড়া প্রাকৃতিক এ দুর্যোগে আহত হয়েছেন ২২৭ জন। এ মর্মান্তিক ঘটনায় নিহতদের জন্য গভীর শোক ও দুঃখ প্রকাশ ও তাঁদের বিদেহী আত্মার মাগফেরাত ও শান্তি কামনা করে, তাঁদের শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানিয়ে এবং আহত ব্যক্তিগণের দ্রুত আরোগ্য লাভের জন্য প্রার্থনা করে মন্ত্রিসভার ১৯ জুন ২০১৭ তারিখের বৈঠকে একটি প্রস্তাব গ্রহণ করা হয়। এ সংক্রান্ত প্রজ্ঞাপন ২১ জুন ২০১৭ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়।

(১১) ১৪ জুন ২০১৭ তারিখে লন্ডনের নর্থ কেনসিংটনের লাটিমার রোডস্থ গ্রেনফিল টাওয়ারে এক ভয়াবহ অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে। এই ভয়াবহ অগ্নিকাণ্ডে কয়েকজন বাংলাদেশিসহ ১৭ জন নিহত হয়। এ মর্মান্তিক অগ্নিকাণ্ডের ঘটনায় যুক্তরাজ্যের সরকার ও জনগণের প্রতি আন্তরিক সমবেদনা জানিয়ে, নিহতদের জন্য গভীর শোক ও দুঃখ প্রকাশ ও তাঁদের বিদেহী আত্মার মাগফেরাত ও শান্তি কামনা করে, তাঁদের শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানিয়ে এবং আহত ব্যক্তিগণের দ্রুত আরোগ্য লাভের জন্য প্রার্থনা করে মন্ত্রিসভার ১৯ জুন ২০১৭ তারিখের বৈঠকে একটি প্রস্তাব গ্রহণ করা হয়। এ সংক্রান্ত প্রজ্ঞাপন ২১ জুন ২০১৭ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়।

(১২) ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধের সময় পাকিস্তান দখলদার সেনাবাহিনী এবং তাদের সহযোগী বাহিনী কর্তৃক যুদ্ধাপরাধ, গণহত্যা, হত্যা, ধর্ষণ, ধর্মান্তরিতকরণ, লুণ্ঠন, অগ্নিসংযোগ ও অন্যান্য মানবতাবিরোধী অপরাধ তদন্ত কাজে সহায়তার জন্য তথ্য-উপাত্ত প্রেরণ সংক্রান্ত বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য ০১ জুন ২০১৭ তারিখে জেলা প্রশাসক, চট্টগ্রাম, হবিগঞ্জ, কিশোরগঞ্জ, বান্দরবান এবং জামালপুর বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১৩) কক্সবাজার জেলায় অবস্থানরত মিয়ানমার নাগরিকদের অন্যত্র স্থানান্তর সংক্রান্ত বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য ০৪ জুন ২০১৭ তারিখে সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১৪) ০২ জুন ২০১৭ তারিখে রাঙ্গামাটি জেলার লংগদু উপজেলায় সংঘটিত সহিংস ঘটনায় ক্ষতিগ্রস্ত পরিবারদের পুনর্বাসনের লক্ষ্যে ত্রাণ-সামগ্রী ও অর্থ বরাদ্দ সংক্রান্ত বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য ০৬ জুন ২০১৭ তারিখে সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১৫) সাম্প্রতিক অতিবৃষ্টির কারণে চট্টগ্রাম, বান্দরবান ও রাঙ্গামাটি পার্বত্য জেলায় ক্ষয়ক্ষতি সংক্রান্ত প্রতিবেদনের বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য ১৩ জুন ২০১৭ তারিখে সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, জননিরাপত্তা বিভাগ/সুরক্ষা সেবা বিভাগ, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, স্থানীয় সরকার বিভাগ এবং বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১৬) সাম্প্রতিক অতিবৃষ্টির কারণে চট্টগ্রাম, বান্দরবান ও রাঙ্গামাটি পার্বত্য জেলার বিচ্ছিন্ন বিদ্যুৎ সংযোগ পুনঃস্থাপন সংক্রান্ত বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য ১৫ জুন ২০১৭ তারিখে সচিব, বিদ্যুৎ বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১৭) দুর্নীতি দমন কমিশন হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে বিভিন্ন মামলায় অভিযোগপত্র দাখিল ৫৭ জন, নথিভুক্তির জন্য ১১৬ জন, বিভাগীয় ব্যবস্থা ০২ জন, সাময়িক বরখাস্ত ০৪ জন এবং নথিভুক্তির জন্য ০৩ জন সরকারি কর্মকর্তা/কর্মচারীর বিষয়ে অবগত করে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য বিভিন্ন স্মারকে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগকে নির্দেশনা প্রদান করা হয়।

(১৮) আলোচ্য মাসে বিভিন্ন আইনে ০৫জন কর্মকর্তাকে এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট-এর ক্ষমতা এবং মোবাইল কোর্ট পরিচালনার ক্ষমতা/ডেপুটি কমিশনারের ক্ষমতা অর্পণ করা হয়।

(১৯) বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসকগণ মে ২০১৬ মাসে প্রমাপ অনুযায়ী ভ্রমণ, রাত্রিযাপন, পরিদর্শন, দর্শন করেছেন। প্রমাপ অর্জন এবং পরিদর্শন ও রাত্রিযাপন প্রতিবেদন প্রেরণের এ ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়েছে। জেলা প্রশাসকগণের পরিদর্শনের বিষয়টি মন্ত্রিপরিষদ বিভাগের KPI (Key Performance Indicators)-ভুক্ত এবং এ মাসে KPI-এর লক্ষ্যমাত্রা অর্জিত হয়।

(২০) বিবেচ্য মাসে মাঠ প্রশাসনে কর্মরত বিসিএস (প্রশাসন) ক্যাডারের ১৯জন কর্মকর্তার বিরুদ্ধে অভিযোগ পাওয়া গেছে। পূর্বে প্রাপ্ত অভিযোগসমূহের মধ্যে ০৭জন কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তে প্রমাণিত না হওয়ায় নথিজাত এবং ০২জন কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় বিভাগীয় মামলা রুজুর জন্য মন্ত্রিপরিষদ বিভাগের সম্মতি জনপ্রশাসন মন্ত্রণালয়কে জানিয়ে দেওয়া হয়।

(২১) বিভাগীয় কমিশনার এবং মেট্রোপলিটন পুলিশ কমিশনারগণের নিকট থেকে প্রাপ্ত মে দ্বিতীয় ও জুন প্রথম পক্ষের পাক্ষিক গোপনীয় প্রতিবেদনের ভিত্তিতে প্রস্তুতকৃত দু'টি সারসংক্ষেপ মাননীয় প্রধানমন্ত্রী সমীপে উপস্থাপন করা হয়।

(২২) কক্সবাজার জেলার জন্য অতিরিক্ত ত্রাণসামগ্রী সরবরাহের বিষয়ে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়

(২৩) বিভাগীয়, জেলা ও উপজেলা পর্যায়ে নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা সমন্বয় কমিটিতে বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসার অন্তর্ভুক্তিতে সম্মতি প্রদান করা হয়।

(২৪) চট্টগ্রাম ও কক্সবাজার জেলার দরিদ্র জনগোষ্ঠী এবং নিবন্ধিত-অনিবন্ধিত রোহিঙ্গাদের মধ্যে ত্রাণসামগ্রী বিতরণের জন্য আল্লামা ফজলুল্লাহ ফাউন্ডেশন কর্তৃক প্রোগ্রাম বাস্তবায়নকারী এবং দাতা সংস্থার প্রতিনিধিসহ রোহিঙ্গা ক্যাম্প পরিদর্শনের অনুমতির বিষয়ে পররাষ্ট্র মন্ত্রণালয়/সুরক্ষা সেবা বিভাগ এবং জননিরাপত্তা বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২৫) নারায়ণগঞ্জ রেলওয়ে স্টেশন চাষাড়ায় স্থানান্তর, চাষাড়া হতে নারায়ণগঞ্জ রেলওয়ে স্টেশন পর্যন্ত রেলপথের স্থলে সড়ক পথ এবং বিদ্যমান রেলওয়ে স্টেশনে বহুতল বিশিষ্ট বাণিজ্যিক ভবন নির্মাণের বিষয়ে রেলপথ মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২৬) ১১ মে 'Technical Support for CRVS System Improvement in Bangladesh' শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্পের Project Implementation Committee (PIC)-এর প্রথম সভা অনুষ্ঠিত হয়।

(২৭) ৩১ মে তারিখে স্থানীয় স্বাস্থ্যকর্মী/পরিবারকল্যাণকর্মীগণের ব্যবহারের জন্য প্রণীত খসড়া জন্ম ও মৃত্যু অবহিতকরণ এবং নিবন্ধন ম্যানুয়াল-এর উপর পর্যালোচনা কর্মশালা অনুষ্ঠিত হয়।

(২৮) ০১ জুন তারিখে গাজীপুর জেলায় জন্ম ও মৃত্যু নিবন্ধন ত্বরান্বিতকরণ সংক্রান্ত সেমিনার অনুষ্ঠিত হয়।

(২৯) ০৮ জুন 'Technical Support for CRVS System Improvement in Bangladesh' শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্পের Project Steering Committee (PSC)-এর প্রথম সভা অনুষ্ঠিত হয়।

(৩০) ১৪ জুন টেকসই উন্নয়ন অভিষ্ট-১-এর লক্ষ্যমাত্রা ১.১ – ১.৪ অর্জনের নিমিত্ত কর্ম-পরিকল্পনা প্রণয়ন এবং তাতে জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল অন্তর্ভুক্তকরণ সংক্রান্ত কর্মশালা অনুষ্ঠিত হয়।

(৩১) ২০ জুন তারিখে 'Social Security Policy Support (SSPS) Programme' শীর্ষক কারিগরিসহায়তা প্রকল্পের Project Steering Committee (PSC)-এর প্রথম সভা অনুষ্ঠিত হয়।

(৩২) Building Capacity for the Use of Research Evidence (BCURE) প্রকল্পের The Project Steering Committee (PSC)-এর তৃতীয়সভা এবং Project Implementation Committee (PIC)-এর চতুর্থ সভার আয়োজন করা হয়।

(৩৩) GRS Software-এর দ্বিতীয় ভার্সন প্রস্তুতে করণীয় নির্ধারণ সংক্রান্ত সভার আয়োজন করা হয়।

(৩৪) মাঠপর্যায়ে সিটিজেন্‌স চার্টার ফরম্যাট চূড়ান্তকরণের নিমিত্ত সভার আয়োজন করা হয়।

(৩৫) ৬ এপ্রিল ২০১৭ তারিখে 'শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা, ২০১৭'-এর প্রজ্ঞাপনটি গেজেট আকারে জারি করা হয়।

(৩৬) দেশের সকল সরকারি প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহে জাতীয় শুদ্ধাচার কৌশল অন্তর্ভুক্তকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সকল মন্ত্রণালয়/বিভাগ/রাষ্ট্রীয় প্রতিষ্ঠানসমূহকে ৪ এপ্রিল ২০১৭ তারিখে অনুরোধ করা হয়।

(৩৭) ১৬ এপ্রিল ২০১৭ তারিখে 'শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা, ২০১৭'-এর প্রজ্ঞাপন সকল মন্ত্রণালয়/বিভাগ/রাষ্ট্রীয় প্রতিষ্ঠান/বিভাগীয় কমিশনারের কার্যালয়/জেলা প্রশাসকের কার্যালয়সমূহে প্রেরণ করা হয়।

(৩৮) ১৫ জুন ২০১৭ তারিখ ১০টায় সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতি বাস্তবায়ন সংক্রান্ত কারিগরি কমিটির সভা অনুষ্ঠিত হয়।

(৩৯) ১৫-১৬ জুন ২০১৭ তারিখে মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের ২০১৭-১৮ অর্থ-বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির খসড়া প্রণয়ন সংক্রান্ত ল্যাব অনুষ্ঠিত হয়।

(৪০) ১৮ জুন ২০১৭ তারিখ সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতি বাস্তবায়ন সংক্রান্ত জাতীয় কমিটির ১৪তম সভা অনুষ্ঠিত হয়।

(৪১) ২০ জুন ২০১৭ তারিখে জেলা ব্র্যান্ডিং কৌশলের বিষয়ে আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়।

গ. আগামী (জুলাই-আগস্ট) মাসে সম্পাদ্য অতীব গুরুত্বপূর্ণ কাজের তালিকা:

(১) মন্ত্রিসভা-বৈঠক অনুষ্ঠান।

(২) মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন-অগ্রগতি পর্যালোচনা সম্পর্কিত আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠান।

(৩) সরকারি ক্রয় সংক্রান্ত এবং অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠক অনুষ্ঠান।

(৪) প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সভা অনুষ্ঠান।

(৫) জাতীয় পুরস্কার সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সভা অনুষ্ঠান।

(৬) আন্তর্জাতিক ও আঞ্চলিক সংস্থায় বাংলাদেশ কর্তৃক চাঁদা প্রদান সংক্রান্ত সচিব কমিটির সভা অনুষ্ঠান।

(৭) নিকার-এর ১১৪তম সভা।

(৮) জেলা প্রশাসক সম্মেলন ২০১৭ অনুষ্ঠান।

(৯) মন্ত্রণালয় ও বিভাগসমূহের ২০১৬-১৭ অর্থ-বছরের কার্যাবলি সংক্রান্ত বার্ষিক প্রতিবেদন প্রণয়ন।

(১০) সিআরভিএস সংক্রান্ত স্টিয়ারিং কমিটির সভা অনুষ্ঠান।

(১১) নতুন উপজেলা ও থানা স্থাপন সংক্রান্ত সচিব কমিটির সভা।

(১২) সামাজিক নিরাপত্তা কর্মসূচি সংক্রান্ত 'কেন্দ্রীয় ব্যবস্থাপনা কমিটি'-এর সভা অনুষ্ঠান।

(মুহাম্মদ আসাদুল হক)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৫৭৪৪৯
e-mail: report_sec@cabinet.gov.bd